



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

সমাজসেবা অধিদপ্তর

সমাজসেবা অফিসারের কার্যালয়

সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা

website:dss.tejgaoncircle.dhaka.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.২৬০০.০০০.০০০.১৮.০০০১.২৫.৬৫

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩  
১৩ মে ২০২৬

**বিষয়: অফিস প্রাঙ্গণে পরিকল্পিত সবুজায়ন ও নান্দনিক পরিবেশ সৃষ্টিকল্পে কমিটি গঠন।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেলের অফিস প্রাঙ্গণকে অধিকতর পরিবেশবান্ধব, নান্দনিক, পরিচ্ছন্ন ও কর্মপরিবেশ উপযোগী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে অফিসের বিভিন্ন কক্ষ, বারান্দা, করিডোর ও উপযুক্ত স্থানে পরিকল্পিতভাবে বাগান সৃষ্টি, সৌন্দর্যবর্ধন ও পরিচ্ছন্নতা কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি আহবায়ক কমিটি গঠন করা হলোঃ

ক্রমিক	নাম	কমিটিতে পদবী	মন্তব্য
১	জনাব নাগিস আক্তার	আহবায়ক	
২	জনাব মোহাম্মদ পারভেজ	সদস্য	
৩	জনাব রুনা আক্তার	সদস্য	
৪	জনাব সাথি আক্তার	সদস্য	
৫	জনাব সাব্বির হোসেন	সদস্য	

কমিটির কার্যপরিধি ও নির্দেশনাঃ

ক) অফিসের সার্বিক পরিবেশ, নান্দনিকতা ও কর্মবান্ধব আবহ উন্নয়নের লক্ষ্যে একটি সুপরিকল্পিত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।


খ) অফিসের বিভিন্ন কক্ষ ও উপযুক্ত স্থানে পরিবেশ উপযোগী গাছপালা, ফুল ও শোভাবর্ধক উদ্ভিদ স্থাপন এবং সেগুলোর নিয়মিত পরিচর্যার ব্যবস্থা গ্রহণ করা।

গ) অফিসের সৌন্দর্যবর্ধন কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনবোধে অফিসের যেকোন কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা ও পরামর্শ গ্রহণ করা যাবে।

ঘ) কমিটির সদস্যগণ পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে দায়িত্ব পালন করবেন এবং কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

ঙ) সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেলের সকল কর্মকর্তা/কর্মচারী কমিটিকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

চ) কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে পরিচ্ছন্নতা, শৃঙ্খলা, পরিবেশগত ভারসাম্য ও অফিসের ভাবমূর্তি সংরক্ষণের বিষয়টি বিশেষভাবে গুরুত্ব প্রদান করতে হবে।



১৩-০৫-২০২৬  
ইনসান আলী  
সমাজসেবা অফিসার

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**


- ১। এফএস, সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা ।।
- ২। ইউএসডব্লিউ, সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা ।।
- ৩। সিএসপিবি/এসডব্লিউ, সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা ।।
- ৪। সিএসপিবি/এসডব্লিউ, সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা ।।
- ৫। সিএসপিবি/এসডব্লিউ, সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা ।।

স্মারক নম্বর: ৪১.০১.২৬০০.০০০.০০০.১৮.০০০১.২৫.৬৫/১ (৭)

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩  
১৩ মে ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৩। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন ও অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



১৩-০৫-২০২৬  
ইনসান আলী  
সমাজসেবা অফিসার